# বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন এর উদ্যোগে আয়োজিত  হলো বিশাল ঈদ জামাত

বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন ইনক্ এর উদ্যোগে গত ২০শে সেপ্টেম্বর ৫ম বারের মত অনুষ্ঠিত হয় এক বিশাল ঈদ জামাত। ঈদ জামাত পরিচালনা করেন বাংলাদেশ থেকে আগত হাফেজ মোঃ আব্দুল হাকিম। বিশাল এই ঈদ জামাতটি অনুষ্ঠিত হয় নবনির্মিত ও সুপরিসর ইঙ্গেলবার্ন লাইব্রেরী কমিউনিটি হলে। ঈদ জামাতে এলাকার সর্বস্তরের গন্যমান্য ব্যক্তি ছাড়াও উপস্থিত ছিলেন নিউ সাউথ ওয়েলসের পার্লামেন্ট সেক্রেটারি এন্ড্রু ম্যাকডোনাল্ড এমপি, ক্যাম্পবেলটাউন সিটি কাউন্সিলের কাউন্সিলর এ্যারন রোল। নামাজ শেষে বিশেষ মোনাজাতের পর সকলের মাঝে প্রায় বারশো মিষ্টি প্যাকেট বিতরন করা হয়। এছাড়াও বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটি ক্যাম্পবেলটাউন প্রথম বারের মত ম্যাকুয়ারীফিল্ড এ তার নিজস্ব হলে খতম তারাবীর ও শবে কদর উপলক্ষে আয়োজন করে এক বিশেষ দোয়া মাহফিলের। এতে ক্যাম্পবেলটাউন এলাকার স্থানীয় মুসুল্লিরা প্রতিদিনই অংশগ্রহন করে তারাবী ও শবে কদররের বিশেষ দোয়ায় সামিল হন। বিশেষ দোয়া মাহফিল ও মোনাজাত পরিচালনা করেন হাফেজ মোঃ আব্দুল হাকিম। রোজার মাসের সকল আয়োজন ও ঈদ জামাত সুন্দর ও সফল ভাবে সম্পন্ন করার জন্য এলাকাবাসী ও সকলের কাছে সোসাইটির সভাপতি মইনুল ইসলাম চৌধুরী ও সাধারণ সম্পাদক ইকবাল ফারুখ ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছেন ।